

নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৬৭.১২-৬০৮

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

নির্বাচন কমিশন, বাংলাদেশ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা কর্তৃক ২৪ নভেম্বর ২০১৩ তারিখের জারিকৃত এস, আর, ও নং-৩৫৯-আইন/২০১৩ এর সংশোধিত প্রজ্ঞাপনের ১৪(৪) অনুচ্ছেদ অনুযায়ী “কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে বা তদকর্তৃক কোন মনোনয়ন প্রদত্ত হইয়া থাকিলে নির্বাচন পূর্ব সময়ে তিনি বা তদকর্তৃক মনোনীত ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না”।

২। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ের উক্ত ধারা বলবৎ থাকাকালীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সার্বিক কর্মকান্ড তদারকিসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির বিলে সভাপতির স্বাক্ষর/প্রতিস্বাক্ষর এর স্থলে মহানগর এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার, জেলা সদরের প্রতিষ্ঠানের ক্ষেত্রে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল এবং যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ : ০১.১২.২০১৩

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৬৭.১২-৬০৮

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .....(সকল অঞ্চল)।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। জেলা শিক্ষা অফিসার, .....(সকল)

(কাউসার নাসরীন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৫০৩৪১ (অফিস)

ই-মেইলঃ [sas\\_sec2@moedu.gov.bd](mailto:sas_sec2@moedu.gov.bd)